



নং-২৬.০৫.০০০০.০২৩.১১.০৫৭.২১/৬২১

তারিখঃ ০৮-০৯-২০২১খ্রিঃ

বিষয়ঃ ডিলার নিয়োগের অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, টিসিবি'র ডিলার নিয়োগ গাইড লাইন অনুসরণে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৭ টি প্রতিষ্ঠানকে টিসিবি'র ডিলার হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

ক্রঃ নং	জেলা	উপজেলা	আবেদনকারীর নাম, প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মোবাইল নম্বর
১	ফরিদপুর	মধুখালী	মেসার্স স্বাত্যকী ট্রেডার্স, প্রোঃ সুস্মিতা পোদ্দার, মধুখালী, ফরিদপুর।	০১৭৫৪৬৭৭১২৬
২	"	"	মজুমদার ষ্টোর, প্রোঃ অমিত মজুমদার, কামারখালী, মধুখালী, ফরিদপুর।	০১৭১৪৫৪৬৭৯২
৩	"	সালথা	মেসার্স তালুকদার এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ রেজাউল তালুকদার, বালিয়াগাতি বাজার, সালথা, ফরিদপুর।	০১৭১৭৪৮৩৫৯৬
৪	"	নগরকান্দা	মা খাদ্য ভান্ডার, প্রোঃ উত্তম কুমার ঘোষ, লস্করদিয়া বাজার, নগরকান্দা, ফরিদপুর।	০১৭১৬৬৩৭৫৪৯১
৫	"	"	রোজিনা এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আক্বাচ আলী, গজারিয়া বাজার, কুঞ্জুনগর, নগরকান্দা, ফরিদপুর।	০১৭১২৮৭৪৩৩২
৬	"	"	মেসার্স সিয়াম এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ রফিকুল ইসলাম, তালমা বাজার, তালমা, নগরকান্দা, ফরিদপুর।	০১৭১১২৬৮৬৫৩
৭	"	"	মেসার্স লস্কর এন্টারপ্রাইজ, প্রোঃ রাকিবুজ্জামান লস্কর, তালমা বাজার, তালমা, নগরকান্দা, ফরিদপুর।	০১৭৪৮৪৫৮১৪৭

০২। বর্ণিত প্রতিষ্ঠানের নিকট হতে ডিলারশীপ জামানত বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) (ফেরতযোগ্য) টাকা ও দুই বছরের জন্য লাইসেন্স ফি ১০,০০০/- (দশ হাজার) (অফেরতযোগ্য) টাকা সর্ব মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা টিসিবি'র ব্যাংক হিসাবে জমা করে মূল মানি রিসিট গ্রহণপূর্বক আগামী ৩০-০৬-২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত মেয়াদে ০৩ (তিন) পাতার নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ডিলারদের বিষয়ে অতীতে কোন বিরূপ অভিজ্ঞতা থাকলে বা টিসিবি'র কর্মকর্তা/ কর্মচারীর পরিবারের সদস্য অথবা টিসিবি'র সাথে কোন কাজের জন্য চুক্তিবদ্ধ রয়েছে এমন ব্যক্তির সাথে ডিলারশীপ চুক্তি না করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।

০৩। চুক্তিপত্রে ডিলারের নাম, পূর্ণাঙ্গ ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে এবং চুক্তিপত্রের সাথে ডিলারের সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, মুদি ব্যবসায়ী ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এর সত্যায়িত কপি ও ডিলার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সনদপত্রের মূলকপি সংযুক্ত করতে হবে। চুক্তি সম্পাদনের সাথে সাথে সম্পাদিত চুক্তিপত্র (সংযুক্তিসহ) এবং মানি রিসিট এর সত্যায়িত ছায়ািলিপি প্রধান কার্যালয়ে পাঠাতে হবে, মানি রিসিট এর মূল কপি তাঁর কার্যালয়ে সংরক্ষণ করবে।

০৪। ডিলার যে উপজেলারই হোক না কেন স্থানীয় প্রশাসন ও টিসিবি'র আঞ্চলিক কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট জেলার যে কোন স্থানে পণ্য বিক্রয় করতে বাধ্য থাকবেন।


Trading Corporation of Bangladesh
TCB Bhaban, Kawran Bazar, Dhaka-1215
Phone : Office
PABX : 8180071
FAX : 88-02-8180057
E-mail : tcb@tcb.gov.bd



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
ফোন : অফিস
পিএবিএক্স : ৮১৮০০৭১
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০৫৭
ই-মেইল : tcb@tcb.gov.bd



০৫। উল্লেখ্য অনুমোদনের মেয়াদ পত্র জারীর তারিখ হতে আগামী ০১(এক) মাস পর্যন্ত বলবৎ থাকবে। মেয়াদ উত্তীর্ণের পর উক্ত প্রতিষ্ঠানের সাথে ডিলারশীপ চুক্তি সম্পাদন করা যাবে না এবং অত্র অনুমোদন বাতিল বলে গণ্য হবে।


০৮/০৭/২০২০

(মোঃ শেখাবুর রহমান)

উপ সচিব

প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

প্রাপক

০১। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, মাদারীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ০২। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
- ০৩। প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
- ০৪। অফিস কপি।